

বাবা-মা/শিক্ষার্থীর আশ্বাসের ফরম

MAP কী?

MAP হল একটি কম্পিউটার ভিত্তিক পরীক্ষা যেখানে আগের প্রশ্নসমূহের জবাবের ভিত্তিতে শিক্ষার্থীরা প্রত্যেকে পরীক্ষার জন্য স্বতন্ত্র প্রশ্ন পায়। শিক্ষার্থী প্রশ্নের সঠিক উত্তর দিলে প্রশ্ন আগের চেয়ে কঠিন হয়। শিক্ষার্থী ভুল উত্তর দিলে প্রশ্ন আগের চেয়ে সহজ হয়। পরীক্ষা শেষ হওয়া নাগাদ অধিকাংশ শিক্ষার্থী সঠিকভাবে প্রায় অর্ধেক প্রশ্নের জবাব দেবে।

MAP কী পরিমাপ করে?

MAP এর ফলাফল সংখ্যা ভিত্তিক RIT স্কোর হিসাবে উপস্থাপন করা হয়। এই স্কোর স্কুল বর্ষের বিভিন্ন সময়ে শিক্ষার্থীর অর্জন মূল্যায়ন ও অগ্রগতির পর্যায় নির্ধারণে ব্যবহৃত হয়। এটার সাথে গ্রোথ চার্টে উচ্চতা চিহ্নিত করার মিল পাবেন। বিভিন্ন সময়ে আপনার সন্তান কতটা লম্বা এবং এক সময় থেকে আরেক সময়ে তার কতটা অগ্রগতি হয়েছে আপনি তা বলতে পারেন।

RIT স্কোর কী?

RIT (Rasch Unit) স্কেল হল ফুট ও ইঞ্চির ন্যায় একটি স্থিতিশীল, সম-বিরতির স্কেল। সম-বিরতি বলতে এটা বুঝায় যে, শিক্ষার্থীর অবস্থান স্কেলের শীর্ষ, সর্বনিম্ন বা মধ্যম পর্যায় যেখানেই হোক না কেন 10 RIT পয়েন্টের পরিবর্তন একই, এবং শিক্ষার্থীর গ্রেড বা বয়স যাই হোক না কেন RIT স্কোরের অর্থ একই। সময়ের ভিত্তিতে স্কোরকে কোন রুলার দিয়ে উচ্চতা মাপার মত কোন শিক্ষার্থী শিক্ষা ক্ষেত্রে কতটা অগ্রসর হয়েছে সেটা বলার সঙ্গে তুলনা করা যায়।

শিক্ষক কিভাবে MAP স্কোর ব্যবহার করেন?

শিক্ষক স্বতন্ত্র শিক্ষার্থী ও সার্বিকভাবে তার শ্রেণির অন্যান্যদের অগ্রগতি দেখতে পারেন। একই MAP স্কোরের শিক্ষার্থীরা অভিন্ন দক্ষতা ও বিষয়বস্তুর নির্দেশনার জন্য সাধারণভাবে প্রস্তুত। এছাড়া MAP একই গ্রেড, বিষয়, অভিন্ন শুরুর অর্জন পর্যায় রয়েছে এমন শিক্ষার্থীদের অগ্রগতি সম্পর্কে ডেটা সরবরাহ করে। এই ডেটা প্রায়ই শিক্ষার্থীদের লক্ষ্য নির্ধারণ ও তা অর্জনে তাদের কী শেখা প্রয়োজন তা অনুধাবনে সহায়তা করতে ব্যবহৃত হয়।

MAP পরীক্ষার ব্যাপ্তি কত সময় এবং কতটা ঘন ঘন আমার সন্তানকে তা দিতে হবে?

পরীক্ষার নির্দিষ্ট সময় ব্যাপ্তি নাই, এবং শিক্ষার্থী তা শেষ করতে যত সময় প্রয়োজন তা নিতে পারে। MAP পরীক্ষা শেষ করতে অধিকাংশ শিক্ষার্থীর এক ঘণ্টার কম সময় লাগে। কিন্ডারগার্টেন ও প্রথম (1s) গ্রেডে এই পরীক্ষায় সাধারণত কম সময় লাগে।

আমি আমার সন্তানের স্কুল থেকে কী তথ্য পাব?

আপনি আপনার সন্তানের শিক্ষার্থী অগ্রগতি প্রতিবেদন বা প্রোগ্রেস রিপোর্ট পাবেন। এই প্রতিবেদনে আপনার সন্তানের সর্ব সাম্প্রতিক ও অতীত MAP পরীক্ষার তথ্য ও স্কোর থাকবে।

আমি কিভাবে আমার সন্তানকে MAP পরীক্ষার প্রস্তুতিতে সহায়তা করব?

পরীক্ষার আগে আপনার সন্তানের শিক্ষক শিক্ষার্থীদের কাছে পরীক্ষা ব্যাখ্যা করার মাধ্যমে তাদেরকে সহায়তা করবেন। যেকোন স্কুল চলাকালীন দিনের মত এটা নিশ্চিত করুন যে, আপনার সন্তান ভালভাবে বিশ্রাম নিয়েছে এবং তাদেরকে ভারসাম্যপূর্ণ খাবার খাইয়েছেন। তাদেরকে ভালো করতে উৎসাহ দিন। এটা উচ্চ মানের পরীক্ষা নয়, তবে কোন শিক্ষার্থী কী জানে এবং তার কী শেখা প্রয়োজন তা পরিমাপের হাতিয়ার হিসাবে ব্যবহৃত হয়।

শিক্ষার্থীর MAP পরীক্ষার জন্য পরীক্ষার নিরাপত্তা

নিরাপত্তা সম্পর্কিত এই বিভাগে বাবা-মা এবং শিক্ষার্থীদের উপর প্রযোজ্য তথ্য রয়েছে। এই তথ্যটি বাসায় মূল্যায়নের সময় সমন্বয়কারীরা তাদের দায়িত্ব এবং আপনার দায়িত্ব সম্পর্কে জানাতে যে পদ্ধতিগুলি ব্যবহার করে তা বুঝতে আপনাকে সহায়তা করার উদ্দেশ্যে দেয়া হয়েছে।

পরীক্ষার আগে নিম্নলিখিত আইটেমের তালিকা বিবেচনা করতে হবে। তালিকাটি সমস্ত অন্তর্ভুক্ত হিসেবে বিবেচনা করা উচিত নয়।

অবশ্যই যা করতে:

বাসা প্রস্তুতি:

- প্রয়োজনীয় প্রযুক্তির প্রস্তুতির সমস্ত চেক করতে হবে।
 - ইন্টারনেট সুবিধা
 - কম্পিউটার প্রাপ্যতা
 - সম্পূর্ণ চার্জ করা কম্পিউটার ব্যাটারি
- পরীক্ষা দেয়ার জন্য সমস্ত বিঘ্ন মুক্ত শান্ত স্থান নিশ্চিত করতে হবে।
- কম্পিউটারের ক্যামেরা দিয়ে পরীক্ষক যেন পরীক্ষার সময় সারাক্ষণ স্পষ্টভাবে শিক্ষার্থীকে দেখতে পায় তা নিশ্চিত করতে হবে।
- ক্যালকুলেটর এবং ইলেকট্রনিক ডিভাইস নীতি এবং নির্দেশিকা মেনে চলতে হবে।
- পরীক্ষকের নির্দেশ মতো শিক্ষার্থীর কাছে পরীক্ষার সমস্ত সামগ্রী আছে কিনা তা যাচাই করতে হবে।
 - স্ক্যাচ পেপার
 - পেন্সিল
 - হেডফোন (কিল্ডারগার্টেন, 1 গ্রেড, 2 গ্রেড এবং শিক্ষার্থীদের তাদের IEP, 504-IAP, এবং/অথবা EL-TPC প্ল্যান অনুসারে হেডফোন লাগবে)। যদি হেডফোনের প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে আপনার স্থানীয় স্কুলের সঙ্গে যোগাযোগ করুন।

অবশ্যই যা করবেন না:

পরীক্ষার কন্টেন্ট:

- শিক্ষার্থীকে কোনো প্রশ্নের উত্তর দিতে সাহায্য করার জন্য ইঙ্গিত দেবেন না।
- পরীক্ষা চলাকালীন পরীক্ষা কন্টেন্ট সম্পর্কে নোট করবেন না।
- শিক্ষার্থীদের পরীক্ষার জন্য প্রস্তুত করতে সহায়তা করার জন্য প্রকৃত পরীক্ষার জিনিস ও কীভাবে প্রাপ্ত তা নির্বিশেষে কোনো তথ্য ব্যবহার করবেন না। সোশ্যাল মিডিয়া সাইট ও কমিউনিকেশনের মাধ্যমে সহ কোনো উদ্দেশ্যেই কারও সঙ্গে শেয়ার করবেন না।

পরীক্ষা:

- জরুরি প্রয়োজন বা সময় সংবেদনশীল কোনো গুরুত্বপূর্ণ কাজ ছাড়া যে রুমে পরীক্ষা হচ্ছে সেখানে প্রবেশ করবেন না/বিঘ্ন ঘটাবেন না।
- পরীক্ষকের সামনে থেকে শিক্ষার্থীকে সরাবেন না/তেমন পরিস্থিতি তৈরি করবেন না।

আমি উপরেরটি পড়েছি এবং নিম্নলিখিত শিক্ষার্থীদের জন্য নিরাপদ, ন্যায্য, বিঘ্নহীন পরীক্ষা পরিবেশ নিশ্চিত করার দায় আমার:

শিক্ষার্থী: _____ গ্রেড: _____ রেকর্ডের শিক্ষক: _____

বাবা/মা'র নাম: _____ স্কুল: _____ তারিখ: _____